

শেখ কামাল ছিলেন তারুণ্যের প্রতীক

-ড. মঞ্জুর আহমেদ চৌধুরী

ঢাকা, ৫ আগস্ট ২০২২

শেখ কামাল ছিলেন তারুণ্যের প্রতীক। উদ্যমী ব্যক্তি। মেধাবী ছাত্র। দক্ষ সংগঠক, ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব।


শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান ড. মঞ্জুর আহমেদ চৌধুরী আজ এক আলোচনা সভায় এসব কথা বলেন।

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় আজ ঢাকায় বিআইডব্লিউটিএ ভবনে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে।

মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম লায়লা জেসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সুলতান আব্দুল হামিদ, নৌপরিবহন অধিদফতরের মহাপরিচালক কমডোর মো. নিজামুল হক, বিআইডব্লিউটিএ'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান আব্দুছ ছাত্তার শেখ এবং মন্ত্রণালয়ের যুগ্ম সচিব তোফায়েল আহমেদ।

বক্তারা শেখ কামালের জীবনী ওপর আলোচনা করেন। তারা শেখ কামালকে যুব সমাজের আইকন হিসেবে উল্লেখ করেন। তারা বলেন, শেখ কামালের মতো সম্ভাবনাময় নেতৃত্বকে থামিয়ে দেয়ার অপচেষ্টা করা হয়েছে। তিনি জীবিত থাকলে দেশের জন্য অনেক অবদান রাখতে পারতেন। পাঠ্যপুস্তকে তাঁর জীবনী অন্তর্ভুক্ত করার আহবান জানানো হয়।

বক্তারা শেখ কামালসহ ১৫ আগস্টের শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪